পাঠ ২২

# মানব জয়ের গল্প





## পাঠের মূলকথা

নিকোলাসের জন্ম তুরস্কের পাতারা গ্রামে। তাঁর পিতামাতা ধনী ছিলেন। তাদের মৃত্যুর পর নিকোলাস এতিম হয়ে পড়েন। এ কারণে পিতা-মাতা ছাড়া বড়ো হওয়ার কষ্ট সম্পর্কে তাঁর ধারণা ছিল। তাই তিনি তাঁর পিতার রেখে যাওয়া সম্পত্তি মানুষের মাঝে বিলিয়ে দিতে শুরু করেন। তিনি ঘুরে ঘুরে গরিব-দুঃখী মানুষের সন্ধান করে তাদেরকে সাহায্য করতেন। তিনি শিশুদের ভালোবাসতেন এবং তাদের নানা উপহার দিতেন। তিনি একজন দয়ালু মানুষ হিসেবে পরিচিতি লাভ করেন। মানুষের প্রতি মানবিক আচরণ এবং তাঁর দানশীলতার কথা সারা দুনিয়ায় ছড়িয়ে পড়ে। ৬ই ডিসেম্বর তাঁর মৃত্যু দিবস উপলক্ষে পৃথিবীর বহু দেশ দিনটিকে 'নিকোলাস ডে' হিসেবে পালন করে। এ দিনটি শিশুদের আনন্দের এবং উপহার লাভের দিন। মানুষের কল্যাণে আত্মনিয়োগ করে নিকোলাস নিজের নামের মহিমা বাস্তবে তুলে ধরেছেন।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।

৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।

৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৫

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১০৭ | অনেক অনেক দিন......... কষ্ট তিনি বুঝতেন। |
| পিরিয়ড-১০৮ | অনেক অনেক দিন............ নানা উপহার দিতেন। |
| পিরিয়ড-১০৯ | তাঁর এই দানশীলতার ........... খাবার খাওয়া হয়। |
| পিরিয়ড-১১০ | অনেক অনেক.......... খাবার খাওয়া হয়। |
| পিরিয়ড-১১১ | পুনরালোচনা |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তুরস্ক | জন্মগ্রহণ | ধনী | অল্প | এতিম | কষ্ট | দয়ালু | সম্পত্তি | পছন্দ | গরিব |
| দুঃখী | সন্ধান | সাহায্য | উপহার | দানশীলতা | দুনিয়া | আনন্দ | আয়োজন | মজার | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ১ শব্দ শিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৯

সমুদ্রপার, দানশীলতা, রীতি।

**উত্তর :**

**সমুদ্রপার** — সাগর-তীর।

**দানশীলতা** — দান করার গুণ।

**রীতি** — নিয়ম।

### ২ বাক্য লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৯

অনেক ..........

অল্প ..........

বড়ো ..........

ধনী ..........

মজার ..........

**উত্তর :**

অনেক — অনেকদিন পর গ্রামের বাড়িতে গিয়েছি।

অল্প — অল্প বয়সেই তার মেধার পরিচয় পাওয়া যায়।

বড়ো — বড়ো হয়ে আমি মানুষের সেবা করব।

ধনী — লোকটি ধনী ছিলেন।

মজার — মা অনেক মজার খাবার রান্না করেন।

### ৩ যুক্তবর্ণ ভেঙে লিখি ও একটি করে শব্দ লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৯

| | | | |
|---|---|---|---|
| তুরস্ক | স্ক | স + ক | স্কুল |
| জন্ম | ন্ম | ন + ম | তন্ময় |
| সম্পত্তি | ম্প | ম + প | কম্পন |
| সন্ধান | ন্ধ | ন + ধ | বন্ধ |

### ৪ বুঝে নিই।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৯

তুরস্ক — একটি দেশের নাম।

নিকোলাস ডে — নিকোলাসের মৃত্যুদিন। এদিন শিশুদের উপহার দেওয়া হয়।

## ২ চলো, পারি কি না দেখি

### ৫ এক কথায় বলি।


▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭০

যার মা-বাবা নেই – এতিম

যার দয়া আছে – দয়ালু

যিনি দান করে – দানশীল

যার দুঃখ আছে – দুঃখী



### ৬ বিপরীত শব্দ পড়ি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭০

ধনী, অল্প, কষ্ট, দয়ালু, ভালোবাসা।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ধনী | গরিব |
| অল্প | বেশি |
| কষ্ট | সুখ |
| দয়ালু | নির্দয় |
| ভালোবাসা | ঘৃণা |

### ৭ বলি ও লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭০

**প্রশ্ন ক. নিকোলাস কোন দেশে জন্মগ্রহণ করেন?**

**উত্তর :** নিকোলাস তুরস্কে জন্মগ্রহণ করেন।

**প্রশ্ন খ. তিনি ঘুরে ঘুরে কাদের সন্ধান করতেন?**

**উত্তর :** তিনি ঘুরে ঘুরে গরিব-দুঃখী মানুষের সন্ধান করতেন।

**প্রশ্ন গ. তিনি কাদের উপহার দিতে পছন্দ করতেন?**

**উত্তর :** তিনি শিশুদের উপহার দিতে পছন্দ করতেন।

**প্রশ্ন ঘ. নিকোলাসের মৃত্যু হয় কোন তারিখে?**

**উত্তর :** ৬ই ডিসেম্বর নিকোলাসের মৃত্যু হয়।

### ৮ পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দ জেনে নিই।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭০

| পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|
| বাবা | মা |
| ভাই | বোন |
| বর | কনে |
| স্বামী | স্ত্রী |
| ছেলে | মেয়ে |

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই



**পিরিয়ড ১০৭** অনেক অনেক দিন......... কষ্ট তিনি বুঝতেন।

**প্রশ্ন ১. নিচের শব্দ দিয়ে দুটি করে বাক্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| গ্রাম | ১. পাতারা একটি গ্রাম।<br>২. গ্রাম আমার খুব ভালো লাগে। |
| ভদ্র | ১.<br>২. |
| জন্ম | ১.<br>২. |
| কল্পনা | ১.<br>২. |

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| গ্রাম | ১. পাতারা একটি গ্রাম।<br>২. গ্রাম আমার খুব ভালো লাগে। |
| ভদ্র | ১. গুরুজনদের সাথে ভদ্র ব্যবহার করব।<br>২. সব জায়গায় ভদ্রতা বজায় রাখব। |
| জন্ম | ১. জন্ম হোক যথা-তথা কর্ম হোক ভালো।<br>২. কবি নজরুলের জন্ম ১৮৯৬ সালে। |
| কল্পনা | ১. বসে বসে আকাশকুসুম কল্পনা কোরো না।<br>২. একটি কল্পনানির্ভর গল্প বল। |

**প্রশ্ন ২. অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও।**

অনেক অনেক দিন আগের কথা। তুরস্কের একটি গ্রামের নাম ছিল পাতারা। সমুদ্রপারের সেই গ্রামে জন্মগ্রহণ করেন একটি শিশু। তাঁর নাম রাখা হয় নিকোলাস। নিকোলাস মানে মানব জয়।

ক. গল্পে কোন দেশের নাম উল্লেখ আছে?

খ. তুরস্কের গ্রামটির নাম কী?

গ. শিশুটির কী নাম রাখা হয়েছিল?

ঘ. অনুচ্ছেদে যুক্তবর্ণযুক্ত শব্দগুলো কী কী?

ঙ. শিশুটি কোথায় জন্মগ্রহণ করেন?

**উত্তর :**

ক. গল্পে তুরস্কের দেশের নাম আছে।

খ. তুরস্কের গ্রামটির নাম পাতারা।

গ. শিশুটির নাম রাখা হয় নিকোলাস।

ঘ. অনুচ্ছেদে যুক্তবর্ণযুক্ত শব্দগুলো — তুরস্ক, জন্মগ্রহণ।

ঙ. শিশুটি সমুদ্রপারের গ্রামে জন্মগ্রহণ করেন।

**পিরিয়ড ১০৮** অনেক অনেক দিন........... নানা উপহার দিতেন।

**প্রশ্ন ৩. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

সম্পত্তি, পছন্দ, বিভিন্ন, সন্ধান।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| সম্পত্তি | শম্‌পোত্‌তি |
| পছন্দ | পছোন্‌দো |
| বিভিন্ন | বিভিন্‌নো |
| সন্ধান | শন্‌ধান্ |

**প্রশ্ন ৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. নিকোলাস কীভাবে এতিম হলেন?**

**উত্তর :** নিকোলাস অল্প বয়সে পিতামাতাকে হারিয়ে এতিম হলেন।

**প্রশ্ন খ. নিকোলাস কাদের সাহায্য করতেন?**

**উত্তর :** নিকোলাস যেখানেই গরিব মানুষ দেখতেন সেখানেই তাদের সাহায্য করতেন।

**প্রশ্ন ৫. এতিম কারা?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পিতৃ-মাতৃহীন ছেলে-মেয়েরাই এতিম।

**পিরিয়ড ১০৯** তাঁর এই দানশীলতার ........... খাবার খাওয়া হয়।

**প্রশ্ন ৬. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. নিকোলাস কী পছন্দ করতেন?**

**উত্তর :** নিকোলাস শিশুদের উপহার দেওয়া পছন্দ করতেন।

**প্রশ্ন খ. ডিসেম্বর, মৃত্যু শব্দ দুটির যুক্তবর্ণ বিভাজন করে দেখাও।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ডিসেম্বর, মৃত্যু।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ম্ব | ম + ব |
| মৃত্যু | ত্যু | ত + (ু)-কার + (্য)-ফলা |

**প্রশ্ন ৭. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

তাঁর এই দানশীলতার কথা সারা দুনিয়ায় ছড়িয়ে পড়ে সবাই তাঁকে ভালোবাসতে শুরু করে বিশেষ দিনে শিশুদের উপহার দেওয়ার রীতিও চালু হয় ৬ই ডিসেম্বর তাঁর মৃত্যু দিবস পৃথিবীর অনেক দেশ দিনটিকে 'নিকোলাস ডে' হিসেবে পালন করে এ দিনে শিশুদের আনন্দের নানা আয়োজন হয় উপহার দেওয়া হয় শিশুদের নিয়ে মজার মজার খাবার খাওয়া হয়

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তাঁর এই দানশীলতার কথা সারা দুনিয়ায় ছড়িয়ে পড়ে। সবাই তাঁকে ভালোবাসতে শুরু করে। বিশেষ দিনে শিশুদের উপহার দেওয়ার রীতিও চালু হয়। ৬ই ডিসেম্বর তাঁর মৃত্যু দিবস। পৃথিবীর অনেক দেশ দিনটিকে 'নিকোলাস ডে' হিসেবে পালন করে। এ দিনে শিশুদের আনন্দের নানা আয়োজন হয়। উপহার দেওয়া হয়। শিশুদের নিয়ে মজার মজার খাবার খাওয়া হয়।

**প্রশ্ন ৮. প্রদত্ত বাক্যে দাঁড়ি, কমা, প্রশ্নবোধক ও বিস্ময়সূচক বিরামচিহ্ন ব্যবহার কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| |
|---|
| তুরস্কের একটি গ্রামের নাম পাতারা |
| তিনি বললেন শিশুদের আদর করবে |
| কখন ছুটি হবে |
| বাহ্ কলমটি খুব সুন্দর |

**উত্তর :**

| |
|---|
| তুরস্কের একটি গ্রামের নাম পাতারা। |
| তিনি বললেন, শিশুদের আদর করবে। |
| কখন ছুটি হবে? |
| বাহ্ কলমটি খুব সুন্দর! |

**পিরিয়ড ১১০ | অনেক অনেক....... খাবার খাওয়া হয়।**

**প্রশ্ন ৯. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. গরিব-দুঃখী মানুষের সন্ধান করতেন কে?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গরিব-দুঃখী মানুষের সন্ধান করতেন নিকোলাস।

**প্রশ্ন ১০. নিচের শব্দ দুটির যুক্তবর্ণ বিভাজন কর এবং নতুন শব্দ তৈরি কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

সমুদ্র, কষ্ট।

**উত্তর :**

| শব্দ | যুক্তবর্ণ | বিভাজন | নতুন শব্দ |
|---|---|---|---|
| সমুদ্র | দ্র | দ + র (্) ফলা | মুদ্রা, ক্ষুদ্র |
| কষ্ট | ষ্ট | ষ + ট | সৃষ্টি, নষ্ট |

**প্রশ্ন ১১. 'নিকোলাস ডে' কত তারিখে পালিত হয়?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ৬ই ডিসেম্বর 'নিকোলাস ডে' পালিত হয়।

**পিরিয়ড ১১১ | পুনরালোচনা**

**প্রশ্ন ১২. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. নিকোলাসের কোন গুণের কথা সারা দুনিয়ায় ছড়িয়ে পড়ে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নিকোলাসের দানশীলতার কথা সারা দুনিয়ায় ছড়িয়ে পড়ে।

**প্রশ্ন ১৩. 'সম্পত্তি' শব্দের যুক্তবর্ণ দুটি বিশ্লেষণ করে দেখাও।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| শব্দ | যুক্তবর্ণ | বিভাজন |
|---|---|---|
| সম্পত্তি | ম্প | ম + প |
| | ত্ত | ত + ত |

**প্রশ্ন ১৪. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

এতিম, দয়ালু, উপকার, আনন্দ, পৃথিবী।

**উত্তর :**

এতিম — এতিমরা খুবই অসহায়।
দয়ালু — হাজী মুহাম্মদ মুহসীন দয়ালু ও দানশীল ছিলেন।
উপকার — উপকার করা মহৎ গুণ।
আনন্দ — আমি ফুটবল খেলা দেখে আনন্দ পাই।
পৃথিবী — তিনি পৃথিবীর অনেক দেশ ভ্রমণ করেছেন।

**প্রশ্ন ১৫. 'নিকোলাস ডে' সম্পর্কে একটি অনুচ্ছেদ লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ৬ই ডিসেম্বর নিকোলাসের মৃত্যু হয়। পৃথিবীর অনেক দেশে দিনটিকে 'নিকোলাস ডে' হিসেবে পালন করা হয়। এই দিনে শিশুদের আনন্দের নানা আয়োজন করা হয়। উপহার দেওয়া হয়। শিশুদের নিয়ে মজার মজার খাবার খাওয়া হয়।

**প্রশ্ন ১৬. নিচের শব্দগুলোর উচ্চারণ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

সমুদ্র, অল্প, কষ্ট, সন্ধান।

**উত্তর :**

| প্রদত্ত | উচ্চারণ |
|---|---|
| সমুদ্র | শোমুদ্দ্রো |
| অল্প | অল্পো |
| কষ্ট | কশ্টো |
| সন্ধান | শন্ধান্ |

# মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

## শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. 'নিকোলাস' সম্পর্কে তিনটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ক. নিকোলাস মানে মানব জয়।

খ. নিকোলাস বেড়ে ওঠেন এতিম হিসেবে।

গ. ৬ই ডিসেম্বর নিকোলাসের মৃত্যু হয়।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

আনন্দ, আয়োজন, উপহার, বিলিয়ে দেওয়া।

**উত্তর :**

আনন্দ — খুশি, পুলক, তৃপ্তি।

আয়োজন — ব্যবস্থা করা, সাজানো, সংগঠিত করা।

উপহার — উপঢৌকন, পুরস্কার, প্রীতিসূচক দান।

বিলিয়ে দেওয়া — বিনামূল্যে বিতরণ করা, বণ্টন করা।

## বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. উপহার দেওয়া লোকটি কে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** উপহার দেওয়া লোকটি হলেন নিকোলাস।

**প্রশ্ন ৪. নিকোলাস কেমন মানুষ হিসেবে পরিচিতি লাভ করেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নিকোলাস দয়ালু মানুষ হিসেবে পরিচিতি লাভ করেন।

**প্রশ্ন ৫. নিকোলাস কোথা থেকে সম্পত্তি পান?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নিকোলাস তাঁর পিতার রেখে যাওয়া সম্পত্তি পান।

**প্রশ্ন ৬. 'নিকোলাস ডে'-তে কী কী করা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'নিকোলাস ডে'-তে শিশুদের আনন্দের জন্য নানা আয়োজন করা হয়। শিশুদের উপহার দেওয়া হয়। তাদের নিয়ে মজার মজার খাবার খাওয়া হয়।

**প্রশ্ন ৭. নিকোলাস মানে কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নিকোলাস মানে মানব জয়।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৮. নিচের শব্দগুলোর ফলা চিহ্নিত করে শব্দ লেখ।**

গ্রাম, সমুদ্র, ডিসেম্বর, মৃত্যু। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | ফলা | নতুন শব্দ |
|---|---|---|
| গ্রাম | | |
| সমুদ্র | | |
| ডিসেম্বর | | |
| মৃত্যু | | |

**উত্তর :**

| প্রদত্ত কাজ | ফলা | নতুন শব্দ |
|---|---|---|
| গ্রাম | র (্র) ফলা | গ্রামীণ, গ্রিস |
| সমুদ্র | র (্র) ফলা | ক্ষুদ্র, মুদ্রণ |
| ডিসেম্বর | ব (্ব) ফলা | নভেম্বর, অম্বর |
| মৃত্যু | য (্য) ফলা | সত্য, মিথ্যা |

**প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**

আনন্দ, বাবা, বড়ো, মানুষ, জয়।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| আনন্দ | নিরানন্দ |
| বাবা | মা |
| বড়ো | ছোটো |
| মানুষ | অমানুষ |
| জয় | পরাজয় |

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১০. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| | |
|---|---|
| ক. নিকোলাস বেড়ে ওঠেন | পিতামাতাকে হারান। |
| খ. তিনি শিশুদের উপহার | নিকোলাস ডে। |
| গ. ৬ই ডিসেম্বর | মানব জয়। |
| ঘ. তিনি অল্প বয়সেই | এতিম হিসেবে। |
| ঙ. নিকোলাস মানে | দিতে পছন্দ করতেন। |

**উত্তর :**

ক. নিকোলাস বেড়ে ওঠেন → এতিম হিসেবে।

খ. তিনি শিশুদের উপহার → দিতে পছন্দ করতেন।

গ. ৬ই ডিসেম্বর → নিকোলাস ডে।

ঘ. তিনি অল্প বয়সেই → পিতামাতাকে হারান।

ঙ. নিকোলাস মানে → মানব জয়।

**প্রশ্ন ১১. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

গ্র, ন্ম, ল্প, ন্দ, ন্ন, ন্ধ।

**উত্তর :**

গ্র — গ + ্র (র-ফলা) — গ্রাম

ন্ম — ন + ম (ম-ফলা) — জন্মগ্রহণ

ল্প — ল + প — অল্প

ন্দ — ন + দ — পছন্দ

ন্ন — ন + ন — বিভিন্ন

ন্ধ — ন + ধ — সন্ধান

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন | নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| ফলাযুক্ত বর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। | | | |
| ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |
| বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ পড়তে পেরেছে। | | | |
| যুক্তবর্ণযোগে গঠিত শব্দ দিয়ে গঠিত বাক্য পড়তে পেরেছে। | | | |
| পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ দিয়ে গঠিত বিভিন্ন ধরনের বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |
| পাঠে ব্যবহৃত ফলাযুক্ত বর্ণে গঠিত বিভিন্ন ধরনের বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন | নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐☐

**ধারাবাহিক মূল্যায়ন**

সময় :...............

শিক্ষার্থীর নাম :........................................ শ্রেণি :.............................. রোল নম্বর : ☐

১। প্রদত্ত বাক্যে দাঁড়ি, কমা, প্রশ্নবোধক ও বিস্ময়সূচক বিরামচিহ্ন ব্যবহার কর।

| |
|---|
| তুরস্কের একটি গ্রামের নাম পাতারা |
| তিনি বললেন শিশুদের আদর করবে |
| কখন ছুটি হবে |
| বাহ্ কলমটি খুব সুন্দর |

২। নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।
অনেক, অল্প, বড়ো, ধনী, মজার

৩। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।
ধনী, অল্প, কষ্ট, দয়ালু, ভালোবাসা।

### উত্তরমালা

১ ▸

| |
|---|
| তুরস্কের একটি গ্রামের নাম পাতারা। |
| তিনি বললেন, শিশুদের আদর করবে। |
| কখন ছুটি হবে? |
| বাহ্ কলমটি খুব সুন্দর! |

২ ▸

অনেক — অনেকদিন পর গ্রামের বাড়িতে গিয়েছি।
অল্প — অল্প বয়সেই তার মেধার পরিচয় পাওয়া যায়।
বড়ো — বড়ো হয়ে আমি মানুষের সেবা করব।
ধনী — লোকটি ধনী ছিলেন।
মজার — মা অনেক মজার খাবার রান্না করেন।

৩ ▸

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ধনী | গরিব |
| অল্প | বেশি |
| কষ্ট | সুখ |
| দয়ালু | নির্দয় |
| ভালোবাসা | ঘৃণা |

মূল্যায়ন রিপোর্ট :

শিখনের অর্জিত মাত্রা ☐